হাটবোয়ালিয়া ও বামুন্দী বাজারে আরডিআরএসের দুই শাখার উদ্বোধন

ক্ষুদ্রঋণ কার্যক্রম আরও বিস্তৃত করার লক্ষ্যে চুয়াডাঙ্গার আলমডাঙ্গা উপজেলার হাটবোয়ালিয়া ও মেহেরপুরের গাংনী উপজেলার বামুন্দী বাজারে দুটি নতুন শাখা চালু করেছে বেসরকারি সংস্থা আরডিআরএস।

গতকাল বৃহস্পতিবার সকালে হাটবোয়ালিয়া নতুন বাজারের মিলপাড়ায় আরডিআরএসের ৩১৯তম শাখার উদ্বোধন করা হয়। সকাল ১১টার দিকে ফিতা কেটে শাখাটির উদ্বোধন করেন সংস্থাটির খুলনা ও রাজশাহী বিভাগের বিভাগীয় ব্যবস্থাপক রেজাউল করিম।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন বিশিষ্ট মিডিয়া ব্যক্তিত্ব রফিকুল আলম বকুল, আঞ্চলিক ব্যবস্থাপক খোরশেদ আলম ও মাসুদুর রহমান এবং উন্নতি কর্মসূচির এলাকা ব্যবস্থাপক সাইফুল ইসলাম। এ ছাড়া উপস্থিত ছিলেন উদয়ন কর্মসূচির এলাকা ব্যবস্থাপক ফিরোজ্জামান, সিনিয়র হিসাবরক্ষক আল মামুন, এমআইএস কর্মকর্তা দিদার আলী, স্বপন সরকার, হাটবোয়ালিয়া শাখার ব্যবস্থাপক, বাজার কমিটির সভাপতি শামসুজ্জোহা টুকু, স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ ও ঋণগ্রহীতা সদস্যরা।

অন্যদিকে, গতকাল দুপুরে মেহেরপুরের গাংনী উপজেলার বামুন্দী বাজারে আরডিআরএসের ৩২০তম শাখার উদ্বোধন করা হয়। শাখাটির উদ্বোধন করেন বিভাগীয় ব্যবস্থাপক রেজাউল করিম। এ সময় বামুন্দী বাজারের ব্যবসায়ীরা ও শাখা ব্যবস্থাপক শামীম হোসেন উপস্থিত ছিলেন।

প্রধান অতিথির বক্তব্যে রেজাউল করিম বলেন, “আরডিআরএস একটি জাতীয় পর্যায়ের বেসরকারি ঋণদানকারী সংস্থা। আমাদের প্রতিষ্ঠান গ্রাহকদের সর্বোচ্চ সুবিধা দিয়ে কাজ করে যাচ্ছে। আমরা আপনাদের সহযোগিতা নিয়ে এলাকার সুবিধাবঞ্চিত ও আর্থিকভাবে অসচ্ছল মানুষের পাশে থাকতে চাই। এ জন্য আপনাদের আন্তরিক সমর্থন কামনা করছি।”

অনুষ্ঠানে পাঁচজন নারীকে এক লাখ টাকা থেকে শুরু করে বিভিন্ন

পরিমাণের ঋণ দেওয়া হয়। ঋণের অর্থ সঠিকভাবে বিনিয়োগ করার জন্য ঋণগ্রহীতাদের প্রতি আহ্বান জানানো হয়। অনুষ্ঠান শেষে দোয়া ও মোনাজাত করা হয়।

চুয়াডাঙ্গা-দর্শনা মহাসড়কে ডাকাতি

চুয়াডাঙ্গা-দর্শনা মহাসড়কের দামুড়হুদা উপজেলার দর্শনা ফায়ার সার্ভিস স্টেশনের কাছে এক মোটরসাইকেল আরোহীকে গতিরোধ করে ডাকাতির অভিযোগ উঠেছে।

৮ থেকে ১০ সদস্যের একটি সংঘবদ্ধ চক্র এ ঘটনা ঘটিয়েছে বলে অভিযোগ করেছেন ভুক্তভোগী। এ সময় তাঁর কাছ থেকে নগদ টাকা ও দুটি মোবাইল ফোন লুট করা হয়।

ভুক্তভোগী জুনায়েদ আহমেদ (২২) দর্শনা থানাধীন দক্ষিণ চাঁদপুর এলাকার বাসিন্দা। তিনি দামুড়হুদা মডেল থানার আওতাধীন লোকনাথপুর খেলার মাঠসংলগ্ন সৌদিয়ান রিসোর্টের ব্যবস্থাপক হিসেবে কর্মরত।

ভুক্তভোগীর ভাষ্য ও থানায় দায়ের করা এজাহার সূত্রে জানা যায়, বুধবার (১৪ অক্টোবর) নিজ কর্মস্থল থেকে মোটরসাইকেলে করে বাড়ি ফিরছিলেন জুনায়েদ। পথে লোকনাথপুর ও দর্শনা ফায়ার সার্ভিস স্টেশনের মাঝামাঝি এলাকায় পৌঁছালে রাস্তার ওপর দাঁড়িয়ে থাকা ৬ থেকে ৭ জন ব্যক্তি তাঁর পথরোধ করেন। এরপর তাঁকে মারধর করে সঙ্গে থাকা নগদ ৭৫ হাজার ২৩৫ টাকা এবং দুটি মোবাইল ফোন নিয়ে তাঁরা ঘটনাস্থল ত্যাগ করেন বলে অভিযোগ করা হয়েছে।

লুট হওয়া মোবাইল ফোন দুটির মধ্যে একটি আইফোন ১৬ প্রো ম্যাক্স, যার মূল্য ২ লাখ ৪০ হাজার টাকা বলে এজাহারে উল্লেখ করা হয়েছে। অন্যটি ভিভো ভি-২৯ মডেলের স্মার্টফোন, যার মূল্য ৪৫ হাজার টাকা বলে দাবি করা হয়েছে। এজাহারে আরও উল্লেখ করা হয়, অভিযুক্তদের পরনে ফুল প্যান্ট ও টি-শার্ট ছিল এবং তাঁদের মুখে মাস্ক পরা ছিল। তাঁদের একজনের হাতে ব্রেসলেট ছিল বলেও উল্লেখ করা

হয়েছে।

এ ঘটনায় ভুক্তভোগী নিজেই দামুড়হুদা মডেল থানায় লিখিত এজাহার দায়ের করেছেন। ঘটনার সত্যতা নিশ্চিত করে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (তদন্ত) প্রভাস কুমার বসু জানান, ভুক্তভোগী বুধবার রাতে একটি এজাহার দায়ের করেছেন। মামলার প্রক্রিয়া চলছে।

এদিকে, মহাসড়কে সন্ধ্যার পর এমন ঘটনার খবর ছড়িয়ে পড়ায় স্থানীয়দের মধ্যে উদ্বেগ দেখা দিয়েছে। তাঁদের দাবি, চুয়াডাঙ্গা- দর্শনা গুরুত্বপূর্ণ মহাসড়ক ও ফায়ার সার্ভিস স্টেশনের কাছাকাছি এলাকায় এ ধরনের ঘটনা মানুষের নিরাপত্তা নিয়ে উদ্বেগ তৈরি করেছে। তাঁরা মহাসড়কে নিরাপত্তা জোরদার ও নিয়মিত নজরদারির দাবি জানান।

দামুড়হুদায় জাতীয় কন্যাশিশু দিবস পালন

‘শিশুবিয়ে আর নয়, কন্যা করবে বিশ্বজয়’—এই প্রতিপাদ্যকে সামনে রেখে চুয়াডাঙ্গার দামুড়হুদায় পালিত হয়েছে জাতীয় কন্যাশিশু দিবস-২০২৬।

সোমবার (১২ অক্টোবর) সকাল ১০টায় উপজেলা প্রশাসন ও উপজেলা মহিলাবিষয়ক কর্মকর্তার কার্যালয়ের যৌথ আয়োজনে দিবসটি উপলক্ষে র্যালি, আলোচনা সভা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

প্রথমে উপজেলা পরিষদ চত্বর থেকে একটি বর্ণাঢ্য র্যালি বের করা হয়। র্যালিটি শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে উপজেলা পরিষদের সভাকক্ষে গিয়ে শেষ হয়। এতে বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের ছাত্রী, শিক্ষক, সরকারি কর্মকর্তা, এনজিওকর্মী ও সুধীজন অংশ নেন।

পরে উপজেলা পরিষদের সভাকক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) লাভলী ইয়াসমিন। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য রুহুল আমিন।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, “কন্যাশিশুরা জাতির ভবিষ্যৎ। তাদের শিক্ষা, স্বাস্থ্য ও নিরাপত্তা নিশ্চিত করতে পারলেই স্মার্ট বাংলাদেশ গড়া সম্ভব। বাল্যবিবাহ একটি সামাজিক ব্যাধি, যা কন্যাশিশুর স্বপ্নকে অঙ্কুরেই বিনষ্ট করে দেয়। বাল্যবিবাহ প্রতিরোধে সরকার কঠোর আইন প্রণয়ন করেছে। এ জন্য সবাইকে সামাজিকভাবে সচেতন হতে হবে।”

সভাপতির বক্তব্যে ইউএনও লাভলী ইয়াসমিন বলেন, “আজকের কন্যাশিশুরাই আগামী দিনের নারী নেতৃত্ব দেবে। তাদের আত্মবিশ্বাসী ও দক্ষ করে গড়ে তুলতে শিক্ষা ও প্রযুক্তিতে এগিয়ে নিতে হবে। বাল্যবিবাহ বন্ধে উপজেলা প্রশাসন জিরো টলারেন্স নীতিতে কাজ করছে।”

আলোচনা সভায় আরও বক্তব্য দেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সাজ্জাদ হোসেন, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. মোহা. মশিউর রহমান, উপজেলা মহিলাবিষয়ক কর্মকর্তা হোসনে জাহান এবং দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি শামছুজোহা পলাশসহ অন্যান্য অতিথি। বক্তারা কন্যাশিশুর অধিকার, বাল্যবিবাহের কুফল এবং এ বিষয়ে সরকারের গৃহীত বিভিন্ন পদক্ষেপ তুলে ধরেন।

এ সময় উপস্থিত ছিলেন উপজেলা জামায়াতের আমির নায়েব আলী, সেক্রেটারি আবেদ উদ দৌলা টিটন, উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা-কর্মচারী, বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থী ও শিক্ষক এবং আমন্ত্রিত সুধীজন।

আলোচনা সভা শেষে কন্যাশিশু দিবস উপলক্ষে আয়োজিত রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতায় বিজয়ী শিক্ষার্থীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়।

দর্শনা ইমিগ্রেশনে দেশত্যাগের সময় হত্যা মামলার আসামি আটক

চুয়াডাঙ্গার দর্শনা আন্তর্জাতিক ইমিগ্রেশন চেকপোস্ট দিয়ে ভারতে যাওয়ার সময় দেশত্যাগে নিষেধাজ্ঞাপ্রাপ্ত মাহবুব আলম (৪৯) নামে এক

বাংলাদেশি নাগরিককে আটক করেছে ইমিগ্রেশন পুলিশ।

শুক্রবার (৯ অক্টোবর) বেলা ১২টার দিকে দর্শনা আন্তর্জাতিক ইমিগ্রেশন চেকপোস্টে পাসপোর্ট ও ভিসা যাচাইয়ের সময় তাঁকে আটক করা হয়।

আটক মাহবুব আলম কুষ্টিয়া সদর থানার যুগিয়া দরগাপাড়া এলাকার আনসার শেখের ছেলে।
সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, ২০২৫ সালের ১৫ আগস্ট কুষ্টিয়া সদর থানায় দায়ের করা একটি মামলায় মাহবুব আলমের বিরুদ্ধে অভিযোগ রয়েছে। মামলাটির এফআইআর নম্বর ১২ এবং জিআর নম্বর ৩১৪। মামলায় মারামারি, বেআইনি জমায়েত, বাধা প্রদান ও হত্যাসহ বিভিন্ন অভিযোগ আনা হয়েছে। এ মামলার কারণে তাঁর দেশত্যাগের ওপর নিষেধাজ্ঞা ছিল।

দর্শনা ইমিগ্রেশন চেকপোস্টের ইনচার্জ এসআই তুহিন মিয়া ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, পাসপোর্ট ও ভিসা যাচাইয়ের সময় মাহবুব আলমের বিরুদ্ধে মামলা ও গ্রেপ্তারি পরোয়ানার তথ্য পাওয়া যায়। পরে তাঁকে হেফাজতে নেওয়া হয়। প্রাথমিক জিজ্ঞাসাবাদ শেষে তাঁকে দর্শনা থানা পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে

চুয়াডাঙ্গায় ট্রাক্টর-মোটরসাইকেল সংঘর্ষে কলেজ প্রভাষক নিহত

চুয়াডাঙ্গায় ট্রাক্টর ও মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষে মো. শাহজাহান আলী (৪০) নামে এক কলেজ প্রভাষকের মৃত্যু হয়েছে।

সোমবার দুপুর ১টার দিকে চুয়াডাঙ্গা পৌরসভার হাটকালুগঞ্জ মেইন রোডসংলগ্ন এলাকায় এ দুর্ঘটনা ঘটে।

নিহত শাহজাহান আলী দামুড়হুদা উপজেলার হোগলডাঙ্গা গ্রামের শওকত আলীর ছেলে। তিনি হোগলডাঙ্গা কলেজের হিসাব বিজ্ঞান বিভাগের প্রভাষক হিসেবে কর্মরত ছিলেন। একজন কলেজ শিক্ষকের এমন মর্মান্তিক

মৃত্যুতে এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।

স্থানীয় সূত্রে জানা গেছে, দুপুরে শাহজাহান আলী মোটরসাইকেলযোগে নিজ কর্মস্থল ও ব্যক্তিগত কাজে যাচ্ছিলেন। হাটকালুগঞ্জ বিপরীত দিক থেকে আসা মাটিবোঝাই একটি ট্রাক্টরের সঙ্গে মোটরসাইকেলটির মুখোমুখি সংঘর্ষ হলে চুয়াডাঙ্গা শহরের বিপরীত দিক থেকে আসা একটি ট্রাক্টরের সঙ্গে মোটরসাইকেলটির মুখোমুখি সংঘর্ষ হলে তিনি গুরুতর আহত হন। স্থানীয়রা উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

দুর্ঘটনার পর ঘাতক ট্রাক্টরটি জব্দ করা সম্ভব হলেও চালক পালিয়ে যায়। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করে।

দুর্ঘটনার সত্যতা নিশ্চিত করে চুয়াডাঙ্গা সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মনিরুজ্জামান জানান, মরদেহ ময়নাতদন্তের

চুয়াডাঙ্গায় বিশ্ব শিক্ষক দিবস উপলক্ষ্যে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত

শিক্ষকদের পাশে দাঁড়ানো, পেশা সুরক্ষার ৬০ বছর, মর্যাদার অগ্রগতি ও ভবিষ্যৎ বিনির্মাণে চুয়াডাঙ্গায় বিশ্ব শিক্ষক দিবস পালিত হয়েছে।

আজ সোমবার (০৫ অক্টোবর) সকাল সাড়ে ৯টায় জেলা প্রশাসন ও জেলা শিক্ষা অফিসের যৌথ আয়োজনে এক বর্ণাঢ্য র্যালি ও আলোচনা সভার আয়োজন করা হয়।

শুরুতেই চুয়াডাঙ্গা জেলা প্রশাসক কার্যালয় প্রাঙ্গণ থেকে একটি বর্ণাঢ্য র্যালি বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে। র্যালি শেষে ঝিনুক মাধ্যমিক বিদ্যালয়ের হলরুমে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

র্যালিতে প্রধান অতিথি ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক লুৎফুন নাহার। অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গার অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) এ.বি.এম খালিদ হোসেন সিদ্দিকী।

আলোচনা সভায় অতিরিক্ত জেলা প্রশাসক এ.বি.এম খালিদ হোসেন সিদ্দিকী, শিক্ষার গুণগত মান উন্নয়ন, শিক্ষকদের পেশাগত মর্যাদা রক্ষা এবং জাতির গঠনে শিক্ষকদের অসামান্য অবদানের কথা তুলে ধরে আলোচনা করেন।

আলোচনা সভায় অতিরিক্ত জেলা প্রশাসক খালিদ হোসেন সিদ্দিকী বলেন, শিক্ষা হলো একটি জাতি গঠনের মূল ভিত্তি, আর শিক্ষকরা হলেন সেই ভিত্তি নির্মাণের কারিগর। আধুনিক ও সুশিক্ষিত সমাজ গঠনে শিক্ষকদের ভূমিকা অপরিসীম। ডিজিটাল ও যুগের সাথে তাল মিলিয়ে শিক্ষার্থীদের যুগোপযোগী শিক্ষায় শিক্ষিত করে তুলতে শিক্ষকদের আরও আন্তরিকতার সাথে দায়িত্ব পালন করতে হবে। তিনি শিক্ষকদের সার্বিক মর্যাদা রক্ষা ও শিক্ষা ব্যবস্থার সার্বিক উন্নয়নে বর্তমান সরকারের নানা পদক্ষেপের কথাও তুলে ধরেন।

এসময় আরও উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা সরকারি কলেজের সাবেক অধ্যক্ষ সিদ্দিকুর রহমান, সহকারী কমিশনার এস এম আব্দুর রউফ শিবলু, মীর্জা শহিদুল, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার অহীন্দ্র কুমার মন্ডল, জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আনিসুর রহমান, ঝিনুক মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা রেবেকা সুলতানাসহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান ও শিক্ষক-শিক্ষিকাবৃন্দ।

চুয়াডাঙ্গায় মাদক মামলায় এক ব্যক্তির যাবজ্জীবন কারাদণ্ড

চুয়াডাঙ্গায় মাদক মামলায় এক ব্যক্তিকে যাবজ্জীবন কারাদণ্ড দিয়েছেন আদালত। একই সঙ্গে ৫ হাজার টাকা জরিমানা। চুয়াডাঙ্গা জেলা ও দায়রা জজ শিমুল কুমার বিশ্বাস আজ রোববার দুপুরে এ রায় দেন।

সাজা পাওয়া ব্যক্তির নাম জালাল মালিথা (৪৬)। তিনি চুয়াডাঙ্গা সূদর উপজেলার কানাপুকুর পাড়ার মৃত আলতাফ হোসেন মালিথার ছেলে ।

আদালত ও মামলার এজাহার সূত্রে জানা গেছে, গোপন সংবাদের ভিত্তিতে চুয়াডাঙ্গা সদরের নির্বাহী ম্যাজিস্ট্রেট ও পুলিশের একটি দল ২০২১ সালের ২৮ শে মার্চ জালাল মালিথাকে ৮৯৯ বুনোফ্রেইন সহ আটক করে। এ ঘটনায় জেলা নির্বাহী ম্যাজিস্ট্রেট (মোঃ ফিরোজ হোসেন) বাদী হয়ে ওই দিন চুয়াডাঙ্গা সদর থানায় মামলা করেন।

দামুড়হুদার কার্পাসডাঙ্গায় পানিতে ডুবে শিশুর মর্মান্তিক মৃত্য

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গায় পুকুরের পানিতে ডুবে সিয়াম (৩) নামে এক শিশুর মর্মান্তিক মৃত্য হয়েছে। রোববার (৪ অক্টোবর) সকাল সাড়ে ৮টার দিকে নিজ বাড়ির পাশে পুকুরে পড়ে এ ঘটনা ঘটে। নিহত সিয়াম উপজেলার কার্পাসডাঙ্গা মাঝেরপাড়া এলাকার শফিকুল ইসলামের ছেলে।

পুলিশ ও নিহতর পারিবারিক সূত্রে জানা যায়, রোববার সকালে সিয়াম নিজ বাড়ি থেকে পার্শ্ববর্তী দোকানে চিপস কিনতে যাওয়ার সময় রাস্তার পাশে একটি পুকুরে তার হাত থেকে ১০ টাকা একটি নোট পানিতে আমার সাবধানতা বসত পড়ে যায়। পানি থেকে টাকাটি উদ্ধার করার সময় পানিতে ডুবে যায় সিয়াম। এরপর এলাকাবাসী পুকুর থেকে মরদেহ লাশ উদ্ধার করে।

নিহতর বাবা শফিকুল ইসলাম জানান, রোববার সকালে তার ছেলে সিয়াম বাড়ির পার্শ্ববর্তী দোকানে চিপস কিনতে গেলে এ ঘটনা ঘটে।

দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেজবাহ উদ্দিন ঘটনা সত্যতা নিশ্চিত করে জানান, খবর পেয়ে থানা পুলিশের টিম ঘটনাস্থলে পৌঁছেছে। এ ব্যাপারে থানা একটি অপমৃত্যু মামলা

দর্শনায় পুলিশের ওপর হামলা করে হ্যান্ডকাফসহ পালাল আ.লীগ নেতা, আটক ৪

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার দর্শনা থানাধীন চণ্ডীপুর এলাকায় পুলিশের হেফাজত থেকে হ্যান্ডকাফসহ এক পলাতক আসামি পালিয়ে গেছেন। বুধবার রাত ৯টার দিকে চণ্ডীপুর গ্রামে এ ঘটনা ঘটে।

পুলিশের হেফাজত থেকে পালিয়ে যাওয়া আসামির নাম আবু ছিদ্দিক (৫৫)। তিনি কুড়ুলগাছি ইউনিয়নের ২ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি, স্থানীয় ইউপি সদস্য এবং চণ্ডীপুর বাজারপাড়া গ্রামের মৃত উম্বাত আলীর ছেলে। তার বিরুদ্ধে আগে থেকেই একটি পুরোনো মামলায় গ্রেপ্তারি পরোয়ানা ছিল বলে জানা গেছে।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, পুরোনো মামলার পলাতক আসামি আবু ছিদ্দিককে গ্রেপ্তার করতে বুধবার রাতে দর্শনা থানা পুলিশের একটি বিশেষ দল চণ্ডীপুর গ্রামে অভিযান পরিচালনা করে। অভিযানকালে পুলিশ তাকে আটক করে হ্যান্ডকাফ পরায়। এ সময় তার স্বজন ও অনুসারীরা সংঘবদ্ধ হয়ে পুলিশের ওপর অতর্কিত হামলা চালায় এবং কাজে বাধা সৃষ্টি করে। এই সুযোগে আবু ছিদ্দিক হ্যান্ডকাফসহ দৌড়ে পালিয়ে যান। স্থানীয়দের হামলায় পুলিশের দুজন সদস্য আহত হয়েছেন।

ঘটনার পর পরই আসামি আবু ছিদ্দিককে পুনরায় গ্রেপ্তার করতে চুয়াডাঙ্গা জেলা পুলিশের পক্ষ থেকে পুরো জেলাজুড়ে বিশেষ তল্লাশি ও নজরদারি জোরদার করা হয়েছে। এদিকে পুলিশের কাজে বাধা প্রদান ও হামলার ঘটনায় জড়িত সন্দেহে নারীসহ চারজনকে আটক করা হয়েছে।

আটককৃতরা হলেন—চণ্ডীপুর হালদারপাড়ার রবি হালদারের ছেলে লক্ষ্মণ, সেলিমের ছেলে ফিরোজ, সঞ্চয়ের স্ত্রী কণা এবং সনজিতের স্ত্রী

সোনালী।

ঘটনার সত্যতা নিশ্চিত করে দামুড়হুদা-জীবননগর সার্কেলের অতিরিক্ত পুলিশ সুপার মো. নুরুল্লাহ বলেন, আওয়ামী লীগ নেতা আবু ছিদ্দিককে আটক করতে গেলে তার পরিবারের সদস্য ও অনুসারীরা পুলিশের ওপর আক্রমণ চালায়। এতে আমাদের দুজন পুলিশ সদস্য আহত হন। আসামিকে পুনরায় গ্রেপ্তার করতে আমাদের অভিযান অব্যাহত রয়েছে।

দর্শনা থানার ওসি (তদন্ত) মো. মুখলেসুর রহমান জানান, পুলিশের হেফাজত থেকে আসামি পালিয়ে যাওয়ার বিষয়টি গুরুত্বের সাথে দেখা হচ্ছে। ঘটনাটি কীভাবে ঘটেছে এবং কারা সরাসরি ইন্ধন দিয়েছে তা খতিয়ে দেখে আইনগত ব্যবস্থা নেওয়া হচ্ছে।

দামুড়হুদায় সেলাই মেশিন, স্প্রে মেশিন ও শিক্ষা উপকরণ বিতরণ

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার ৬নং হাউলী ইউনিয়ন পরিষদে ২০২৫-২০২৬ অর্থ-বছরের ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়তা তহবিল (ইউপি উন্নয়ন সহায়তা) এর আওতায় দুস্থ নারীদের মাঝে সেলাই মেশিন, কৃষকদের মাঝে স্প্রে মেশিন, অসহায়দের জন্য চিকিৎসা সামগ্রী এবং মেধাবী শিক্ষার্থীদের মাঝে স্কুল ব্যাগ ও টিফিন বক্স বিতরণ করা হয়েছে।

সোমবার (২৯ সেপ্টেম্বর) সকালে হাউলী ইউনিয়ন পরিষদের বাস্তবায়নে পরিষদ কার্যালয়ে বিতরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

৬নং হাউলী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দীন এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার লাভলী ইয়াসমিন। এসময় তিনি বলেন, সরকারের উন্নয়ন সহায়তা তহবিলের উদ্দেশ্য হলো তৃণমূলের মানুষের জীবনমান উন্নয়ন করা। সেলাই মেশিন পেয়ে নারীরা স্বাবলম্বী হবেন, স্প্রে মেশিন কৃষি কাজে সহায়ক হবে এবং শিক্ষা উপকরণ মেধাবী শিক্ষার্থীদের

লেখাপড়ায় উৎসাহ যোগাবে।

হাউলী ইউনিয়ন বিএনপির সভাপতি মোঃ ইউসুফ আলীর সঞ্চালনায় এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু।

এছাড়াও আরও উপস্থিত ছিলেন উপজেলা বিএনপির সিনিয়র সহ-সভাপতি আব্দুল ওয়াহেদ, সহ-সভাপতি সোলেমান মল্লিক, হাউলী ইউনিয়ন পরিষদের প্রশাসনিক কর্মকর্তা মনিরুজ্জামান, হাউলী ইউনিয়ন বিএনপির সহ-সভাপতি মহিউদ্দীন, সাধারণ সম্পাদক নাফিস আক্তার সিদ্দিকী, যুগ্ম সাধারণ সম্পাদক কামরুজ্জামান, সাংগঠনিক সম্পাদক মালেক রুস্তম, ইউপি সদস্য জাহাঙ্গীর আলম টিক্কা, শহিদুল ইসলাম, আব্দুল হান্নান পটু, শাহাজামালসহ ইউনিয়ন পরিষদের সদস্য, স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ, উপকারভোগী ও শিক্ষার্থীরা।

পরে অতিথিবৃন্দ আনুষ্ঠানিকভাবে উপকারভোগীদের হাতে তুলে দেন ২৪টি সেলাই মেশিন,২১টি স্প্রে মেশিন, ১২০টি স্কুল ব্যাগ, ১২০টি টিফিন বক্স,৮টি চেয়ার,৫টি বিপনি মেশিন,৫টি ডিজিটাল থার্মোমিটার, ৩টি ডায়বেটিস মাপামেশিন।